

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট  
(বারটান)  
খাদ্য শস্য শাখা  
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা  
[www.birtan.gov.bd](http://www.birtan.gov.bd)

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০১৬.১৮.০০১.১৮-৮৩৮

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৫

০২ ডিসেম্বর ২০১৮

বিষয়: সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পর্যায়ক্রমে বৈদ্যুতিক বাতি ও ফ্যান চালানোর জন্য সৌর প্যানেল স্থাপন করে নিজস্ব বিদ্যুৎ উৎপাদনে পদক্ষেপ গ্রহণ প্রসংগে।

সূত্র: বিজ্ঞপ্তি(বিঃ)/উস(বিঃসা), বিদ্যুৎ সাশ্রয়ক-০১/২০১০/০৩, তাং- ১৯.০১.২০১০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের মর্মানুযায়ী জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কর্তৃক ঢাকাস্থ বিএডিসি'র সেচ ভবনের ছাদে ইতোমধ্যে সোলার প্যানেল স্থাপন করে বিদ্যুৎ উৎপাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া, নারায়ণগঞ্জের আড়াইহাজারে প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়, বরিশাল, সিরাজগঞ্জ, নোয়াখালী, সুনামগঞ্জ, ঝিনাইদহ, নেত্রকোণা ও রংপুর (পীরগঞ্জ) জেলায় আঞ্চলিক কেন্দ্র স্থাপনের জন্য জমি অধিগ্রহণ করে অবকাঠামো নির্মাণের কার্যক্রম চলমান আছে। নিজস্ব ভবন নির্মিত হলে প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়গুলোতে সৌর প্যানেল স্থাপন করে নিজস্ব বিদ্যুৎ উৎপাদনে পদক্ষেপ গ্রহণ করা হবে।

০২। বিষয়টি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



২-১২-২০১৮

মোহাম্মদ নজমুল ইসলাম

নির্বাহী পরিচালক

সচিব  
সচিবের দপ্তর  
কৃষি মন্ত্রণালয়